# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-04-2025** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ওয়াকফ সংশোধনী বিল ২০২৫ সংসদে পাশ হয়েছে। গতকাল রাজ্যসভাতেও ছাড়পত্র পেয়েছে বিলটি।

২) চাকরি বাতিল নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের পরিপ্রেক্ষিতে বিভিন্ন জেলার স্কুলগুলিতে ব্যাপক প্রভাব পড়েছে।

আগামী সাত তারিখ নেতাজী ইন্ডোরে মুখ্যমন্ত্রী ক্ষতিগ্রস্ত শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে কথা বলবেন।

বিরোধী দলগুলি মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও গ্রেফতারীর দাবি জানিয়েছে।

৩) গোর্খা জনজাতির নানা সমস্যার স্থায়ী সমাধানের লক্ষে কেন্দ্রীয় সরকার গতকাল বৈঠক করেছে।

৪) চা-বাগানের বকেয়া বোনাস ইস্যুতে রাজ্য সরকারের সঙ্গে শ্রমিক সংগঠনগুলির ইতিবাচক বৈঠক হয়েছে।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর ।

৬) আই এস এল-এর দ্বিতীয় সেমিফাইনালে প্রথম লেগের ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্ট জামশেদপুর এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

৭) ইডেনে আই পি এল-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স গতকাল ৮০ রানে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে।

ooooooooooooooooooo

ওয়াকফ সংশোধনী বিল-২০২৫ সংসদে পাশ হয়েছে। গতকাল মধ্যরাত্রের কিছু পরে রাজ্যসভাতে বিলটি অনুমোদিত হয়। বিলের পক্ষে ভোট পড়েছে ১২৮-টি। বিপক্ষে ৯৫-টি। প্রায় ১২ ঘণ্টা ধরে রাজ্যসভায় বিল নিয়ে আলোচনা চলে। লোকসভায় আগেই বিলটি ছাড়পত্র পেয়েছে। ওয়াকফ সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনা, ঐতিহাসিক স্থানগুলিকে সুরক্ষিত রাখা এবং সমাজ কল্যাণের প্রসারের উদ্দেশ্যেই এই বিল আনা হয়েছিল। ওয়াকফ সম্পত্তির রক্ষণাবেক্ষণে স্বচ্ছতা, ওয়াকফ বোর্ড এবং স্থানীয় প্রশাসনের মধ্যে আরও ভালো যোগাযোগ রক্ষা এবং অংশীদারদের অধিকার সুনিশ্চিত করার সংস্থান রয়েছে এই বিলে। পাশাপাশি মুসলমান মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক অবস্থার উন্নয়নে বিষয়টিও মাথায় রাখা হয়েছে।

সংসদে পাশ হওয়ায় রাষ্ট্রপতির স্বাক্ষর হলেই বিলটি আইনে পরিণত হবে।

oooooooooooooooooooooooo

চাকরি বাতিল নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের জেরে বিভিন্ন জেলার স্কুলগুলিতে ব্যাপক প্রভাব পড়েছে।

এই তালিকায় রয়েছেন পশ্চিম বর্ধমানের দুর্গাপুর নেপালি পাড়া হাই স্কুলের ৮ জন শিক্ষক শিক্ষিকা। জাতীয় শিক্ষক হিসাবে সম্মানিত স্কুলের প্রধান শিক্ষক কলিমুল হক জানিয়েছেন, এই রায়ে তারা চিন্তাগ্রস্ত। যোগ্য প্রার্থীরাই স্কুলে শিক্ষকতায় নিযুক্ত আছেন জানিয়ে আদালতের রায় পুনর্বিবেচনার আবেদন জানান তিনি।

একটি প্রতিবেদন – (ভয়েসকাস্ট – তনুশ্রী)

বিভিন্ন স্কুলের মতো সমস্যায় পড়তে চলেছে দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট হাইস্কুলও। স্কুলের প্রধান শিক্ষক সৃজিত সাহা জানান, সুপ্রিম কোর্টের এই রায়ে চাকরি হারাতে চলেছেন স্কুলের চার শিক্ষক এবং দুজন অশিক্ষক (ক্লারিক্যাল) কর্মচারী। সেক্ষেত্রে বিষয়ভিত্তিক পড়ানোর সঙ্গে সঙ্গে স্কুলের অন্যান্য কাজেও অসুবিধার সম্মুখীন হতে হবে। এবিষয়ে দক্ষিণ দিনাজপুর পরিদর্শক দেবাশিস সমাদ্দার বলেন, এই দিনের রায়ে কোনো নামের তালিকা না থাকলেও আগে হাইকোর্টের পাঠানো ৫১১ জন শিক্ষক এবং ৭০ জন অশিক্ষক কর্মীর নাম রয়েছে ।

আদালতের রায়ে চাকরি হারানোর তালিকায় যুক্ত হলো বাঁকুড়ার ইন্দাস হাইস্কুলের ছয় জন শিক্ষকের নাম।

সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানোর তালিকায় যুক্ত হলেন কোচবিহারের শীতলকুচি গোপীনাথ উচ্চতর বিদ্যালয় এর সাত শিক্ষক এবং দুইজন অশিক্ষক কর্মচারী। স্কুলের প্রধান শিক্ষক মৃত্যুঞ্জয় বণিক জানিয়েছেন, এই স্কুলে ২৭ জন শিক্ষক ছিলেন। এখন হলেন ২০ জন । এর জেরে সমস্যায় পড়বে স্কুল কর্তৃপক্ষ।

আদালতের রায়ে চাকরি হারালেন জলপাইগুড়ির ফনীন্দ্র দেব বিদ্যালয়ের রসায়ন বিভাগের শিক্ষিকা তনুশ্রী সূত্রধর। বাড়ি তৈরির প্রয়োজনে ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছিলেন তিনি। চাকরি না থাকায় এই ঋণ পরিস্থিতিতে তিনি সমস্যায় পড়েছেন। যোগ্য হলেও অযোগ্যদের সঙ্গে তাকে একই তালিকা ভুক্ত করায় তিনি ক্ষোভ প্রকাশ করেছেন।

oooooooooooooooooooooooo

বিচার ব্যবস্থাকে সম্মান করলেও স্কুল সার্ভিস কমিশনের প্রায় ২৬ হাজার শিক্ষক অশিক্ষক কর্মীর চাকরী বাতিলের শীর্ষ আদালতের রায় তিনি মানতে পারছেন না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। নবান্নে গতকাল এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন, কিছু মানুষের ভুলে সকলে শাস্তি পাচ্ছে। সুপ্রিম কোর্টের রায়ের কিছু অংশ এদিন মুখ্যমন্ত্রী পড়ে শোনান।

(বাইট – মুখ্যমন্ত্রী)

মুখ্যমন্ত্রী বলেন, যাদের চাকরি গেছে, সেই সব ব্যক্তি ইতোমধ্যেই বিচার পাওয়ার জন্য ডিপ্রাইভড টিচার্স অ্যাসোসিয়েশন তৈরি করেছেন। আগামী ৭-ই এপ্রিল নেতাজী ইন্ডোরে মুখ্যমন্ত্রী তাদের কথা শুনবেন বলেও আশ্বাস দেন।

সুপ্রিম কোর্টের রায় ঘোষণার পরই শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ও মুখ্য সচিব মনোজ পন্থের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী।

অত্যধিক গরমের কারণে রাজ্যের স্কুলগুলিতে আগামী ৩০-শে এপ্রিল থেকে গরমের ছুটি পড়ছে। মুখ্যমন্ত্রী গতকাল এই ঘোষণা করেন।

oooooooooooooooooooooo

প্রায় ২৬ হাজার চাকরী বাতিলের দায় নিয়ে মুখ্যমন্ত্রীর পদত্যাগ ও তাকে গ্রেপ্তারির দাবি জানিয়েছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, অর্থের বিনিময়ে চাকুরীরত অযোগ্যদের বাঁচাতে যোগ্যদের শাস্তি দেওয়া হল।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooo

রাজ্যে নিয়োগ দুর্নীতির প্রতিবাদে বিজেপি, আগামী **১৩**তারিখ প্রতিবাদ মিছিল করবে বলেও দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। দিল্লিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, কলেজ স্কোয়ার থেকে রানী রাসমণি অ্যাভিনিউ পর্যন্ত এই মিছিল হবে।

সুপ্রিম কোর্টের রায়ে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ পাওয়া প্রায় ২৬ হাজার চাকরী বাতিলের প্রতিবাদে বিজেপির যুব মোর্চা গতকাল কলকাতার বিভিন্ন জায়গায় বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। যুব মোর্চার সভাপতি ইন্দ্রনীল খাঁর নেতৃত্বে বিজেপি কর্মী সমর্থকরা রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান।

বাম ছাত্র যুব সংগঠনগুলিও চাকরী বাতিলের জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে।

এস এস সি রায় নিয়ে মুখ্যমন্ত্রী সম্পূর্ণভাবে দায়ী বলে অভিযোগ তুলেছেন প্রদেশ কংগ্রেস নেতা অধীর চৌধুরী। মমতা ব্যানার্জী যুবকদের ভবিষ্যৎ নিয়ে জুয়া খেলেছেন বলে উষ্মা প্রকাশ করেন তিনি। তার দাবি, যোগ্য-অযোগ্য সকলেই এই সরকারের দুর্নীতির শিকার।

পশ্চিমবঙ্গের শিক্ষা জগতের কালো দিন ঘনিয়ে এসেছে, এই আখ্যা দিয়ে ও তৃণমূল কংগ্রেসের প্রাতিষ্ঠানিক দূর্নীতির অভিযোগ তুলে প্রদেশ কংগ্রেস গতকাল বিক্ষোভ কর্মসূচী পালন করে।

এদিকে, রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলে আগামীকাল রাজ্যজুড়ে কর্ম বিরতির ডাক দিয়েছে সংগ্রামী যৌথ মঞ্চ। মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেন –

(বাইট – ভাস্কর)

oooooooooooooooooooo

ওষুধের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবিতে তৃণমূল কংগ্রেস আজ রাজ্যের প্রতিটি ব্লক এবং ওয়ার্ডে প্রতিবাদ মিছিল করবে। বিকেল চারটে থেকে পাঁচ-টা পর্যন্ত এই মিছিল চলবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নবান্ন থেকে ঘোষণা করেছিলেন। দলমত নির্বিশেষে সকলকে এতে যোগ দেবার আহ্বান জানান তিনি।

oooooooooooooooooooo

গোর্খা জনজাতির সঙ্গে সংশ্লিষ্ট নানা সমস্যার স্থায়ী সমাধানের লক্ষ্যে কেন্দ্রীয় সরকার গতকাল বৈঠকে বসে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাইয়ের পৌরহিত্যে নতুন দিল্লিতে আয়োজিত ওই বৈঠকে দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তার নেতৃত্বে গোর্খা জনজাতির সদস্যরা অংশ নেন। বৈঠকে তাদের বিভিন্ন সমস্যার কথা তুলে ধরে গোর্খা প্রতিনিধিরা দ্রুত সমাধানের আর্জি জানান। প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার পাহাড়ের সার্বিক উন্নয়ন এবং নিরাপত্তার রক্ষাকে সর্বাধিক গুরুত্ব দিচ্ছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বৈঠকে আশ্বাস দিয়েছেন। পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে এবং সংবিধানের সীমারেখার মধ্যে থেকে কেন্দ্রীয় সরকার গোর্খাদের যাবতীয় সমস্যার সুষ্ঠু সমাধান করবে বলেও তিনি আশ্বাস দেন।

এদিকে কেন্দ্রীয় সরকারের ডাকা বৈঠকে পাহাড়ের একাধিক রাজনৈতিক দলকে আমন্ত্রণ জানানো হয়নি বলে অভিযোগ উঠেছে। রাজ্য সরকারের কোন প্রতিনিধি ও ওই বৈঠকে যোগ দেননি।

oooooooooooooooooooo

চা বাগানের বকেয়া বোনাস ইস্যুতে গতকাল শিলিগুড়ি স্টেট গেস্ট হাউসে রাজ্যের শ্রমমন্ত্রী,ট্রেড ইউনিয়ন ও শ্রমিকদের মধ্যে এক বৈঠক বসে। বৈঠক ফলপ্রসূ হয়েছে বলে দু-পক্ষই জানিয়েছে ।

শ্রমমন্ত্রী মলয় ঘটকের উপস্থিতিতে পাহাড়ের আটটি ট্রেড ইউনিয়ন নেতৃত্ব বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে চা বাগানগুলির শ্রমিকদের ন্যূনতম মজুরি,জমির পাট্টা, বন্ধ বাগান নিয়ে আলোচনা হলেও মূলত আলোচনা হয় বকেয়া বোনাস নিয়ে।

বৈঠক শেষে মন্ত্রী মলয় ঘটক বলেন,বকেয়া বোনাস নিয়ে ট্রেড ইউনিয়নগুলির সাথে গঠনমূলক বৈঠক হয়েছে। আগামী ৯ তারিখের মধ্যে মালিকপক্ষের সাথে কলকাতায় আরো একটি বৈঠক হওয়ার কথা।

ooooooooooooooooooo

রাজ্যে রাম নবমী যাতে সর্বত্র শান্তিতে পালিত হয় তা নিশ্চিত করতে রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্য প্রশাসনকে কঠোর নির্দেশ দিয়েছেন। এজন্য পর্যাপ্ত নিরাপত্তা কর্মী মোতায়েনের পাশাপাশি আগেভাগেই সতর্কতামূলক ব্যবস্থা নিতে বলেছেন তিনি। পাশাপাশি রাম নবমিকে কেন্দ্র করে কোথাও কোনো অপ্রীতিকর ঘটনা ঘটলে তা যাতে তৎক্ষণাৎ রাজভবনকে জানানো হয় সে ব্যাপারেও নির্দেশ দেওয়া হয়েছে। রাজ্যে শান্তি সম্প্রীতি এবং ঐক্যের পরিবেশ বজায় রাখতে রাজ্যপাল সাধারণ মানুষের কাছে আবেদন জানান।

oooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আজ বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং পশ্চিমের জেলা ঝাড়গ্রাম, পুরুলিয়া, বীরভূম, বাঁকুড়া, পশ্চিম বর্ধমানে। কয়েকটি জায়গায় ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ বৃষ্টির সম্ভাবনা নেই।

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে প্রায় ২ ডিগ্রী বেশি।

অন্যদিকে, সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

oooooooooooooooooooo

জামশেদপুরে আই এস এল-এর দ্বিতীয় সেমিফাইনালের প্রথম লেগের ম্যাচে গতকাল মোহনবাগান সুপার জায়ান্ট ১-২ গোলে জামশেদপুর এফসি-র কাছে পরাজিত হয়েছে। দুই দলের মধ্যে ফিরতি লেগের ম্যাচ সোমবার সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত হবে।

oooooooooooooooooooo

কলকাতার ইডেন গার্ডেন্সে আইপিএল এর ম্যাচে গতকাল কলকাতা নাইট রাইডার্স ৮০ রানে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে। প্রথমে ব্যাট করে নাইট রাইডার্স নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ২০০ রান তোলে। ভেঙ্কটেশ আইয়ার ৬০, অংক্রিশ রঘুবংশী ৫০, রান করেন। জবাবে ব্যাট করতে নেমে হায়দ্রাবাদ ১৬ ওভার ৪ বলে ১২০ রানে সবকটি উইকেট হারায়। কলকাতার হয়ে বরুন চক্রবর্তী ও বৈভব অরোরা তিনটি করে উইকেট নেন।

ইডেনে পরবর্তী ম্যাচে কলকাতা নাইট রাইডার্স আগামী মঙ্গলবার লখনউ সুপার জায়ান্টস এর মুখোমুখি হবে।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo

ooooooooooooooooooo